

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৩২২

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - তাসবীহ (সুবহা-নাল্ল-হ), তাহমীদ (আল হাম্দুলিল্লা-হ), তাহলীল (লা- ইলা-হা ইল্লাল্ল-হ) ও তাকবীর (আল্ল-হু আকবার)- বলার সাওয়াব

আরবী

وَعَن ابْن عمر أَنَّهُ قَالَ: سُبْحَانَ اللَّهِ هِيَ صَلَاةُ الْخَلَائِقِ وَالْحَمْدُ لِلَّهِ كَلِمَةُ الشُّكْرِ وَلَا إِلَهَ إِلَّهَ اللَّهُ كَلِمَةُ الشُّكْرِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ كَلِمَةُ الْإِخْلَاصِ وَاللَّهُ أَكْبَرُ تَمْلاً مَا بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ وَإِذَا قَالَ الْعَبْدُ: لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ قَالَ اللَّهُ تَعَالَى: أسلم عَبدِي واستَسلَم. رَوَاهُ رزين

বাংলা

২৩২২-[২৯] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ''সুবহা-নাল্ল-হ'' হলো আল্লাহর সৃষ্টিজগতের সালাত। ''আলহামদুলিল্লা-হ'' হলো কালিমাতুশ্ শুক্র, অর্থাৎ- কৃতজ্ঞতা প্রকাশের বাক্য। ''লা- ইলা-হা ইল্লাল্লা-হ'' হলো তাওহীদের কালিমাহ্, আর ''আল্ল-হু আকবার'' আকাশ ও জমিনের মধ্যে যা কিছু আছে তাকে পূর্ণ করে দেয়। যখন বান্দা বলে, ''লা- হাওলা ওয়ালা- ক্যুওয়াতা ইল্লা- বিল্লা-হ'', তখন আল্লাহ তা'আলা বলেন, এ বান্দা সম্পূর্ণরূপে আমার কাছে আত্মসমর্পণ করল। (র্যীন)

ব্যাখ্যা

ব্যাখ্যা: (سُبُحَانَ اللّٰهِ هِيَ صَلَاةُ الْخَلَائِقِ) অর্থাৎ- সৃষ্টিজীবের 'ইবাদাত। যেমন, আল্লাহ বলেন, وَإِنْ مِنْ شَيْءٍ إِلَّا "যে কোন বস্তু তার প্রশংসা সহ পবিত্রতা ঘোষণা করে"- (সূরা ইসরা ১৭ : ৪৪)। সূরা আন্ নূর- এর ৪১ নং আয়াতে বলা হয়েছে "প্রতিটি বস্তু তাঁর 'ইবাদাত ও তাঁর পবিত্রতা ঘোষণাকে জেনে নিয়েছে"।

এক মতে বলা হয়েছে, পবিত্রতা বর্ণনা মৌখিকভাবেও হতে পারে অথবা অবস্থার মাধ্যমেও হতে পারে, যা প্রমাণ করে তাঁর স্রষ্টা হওয়ার উপর, তাঁর ক্ষমতার উপর, তাঁর কৌশলের উপর এবং ঐ জিনিস থেকে তাঁর পবিত্র হওয়ার উপর যার সাথে তাঁর অংশীদার সাব্যস্ত করা বৈধ না।

(وَالْحَمْدُ لِلّٰهِ كَلِمَةُ الشُّكْر) অর্থাৎ- কৃতজ্ঞতার খুঁটি, মূল।

(وَلَا إِلَٰهَ إِنَّا اللَّهُ كَلِمَةُ الْإِخْلَاصِ) অর্থাৎ- لَا إِلَٰهَ إِنَّا اللَّهُ كَلِمَةُ الْإِخْلَاص



আবশ্যক করে দেয় অথবা তা এমন এক বাণী যা সত্য ও নিষ্ঠাসহ পাঠ ছাড়া কোন উপকারে আসবে না।

(وَاللّٰهُ أَكْبَرُ تَمْلاً) অর্থাৎ- তার সাওয়াব পূর্ণ হয়ে যায়।

(مَا بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ) এক মতে বলা হয়েছে, আকাশ ও জমিনের মাঝে যা কিছু আছে তা দ্বারা সকল জগতের প্রতি ইঙ্গিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন